



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

মে ০৫, ২০২৬


সংশ্লিষ্ট সকলে অবগত আছেন যে, আমাদের আর্থিক তথ্য বিবরণী (Account Information System-AIS) এবং ম্যানেজমেন্ট/মনিটরিং তথ্য বিবরণী (Management Information System-MIS) বিদ্যমান সফটওয়্যার PROSHIKA Financial Management System (PFMS) এর মাধ্যমে শাখা ও হেড অফিস পর্যায়ে বাস্তবায়িত হচ্ছে। সফটওয়্যারে শাখা পর্যায়ের সঞ্চয়ের স্থিতি প্রদর্শিত হয় AIS- Reports এর মধ্যে Accounting Reports এর আওতায় Trail Balance এবং Balance Sheet এ। পাশাপাশি MIS-Branch wise PKSf Reports এর আওতায় MIS-01 এ Statement of Savings এ প্রদর্শিত হয়। এই সঞ্চয়ের ব্যালেন্স উভয়ই রিপোর্টে সমানভাবে প্রদর্শিত হতে হবে। কোন ধরণের গড়মিল হতে পারবে না।

কিন্তু দেখা যাচ্ছে যে, বেশ কিছু শাখাতে সঞ্চয়ের মূল হিসাব খাত ০২-০০৫-০০০ এর আওতায় সাব খাত ০২-০০৫-০০৩ Members Savings A/C - PSSS ও সাব খাত ০২-০০৫-০০৪ Members Savings A/C – DBSS খাত দুটিতে অনেক সদস্যদের সঞ্চয়ের রেজিস্ট্রেশন সফটওয়্যারে এন্ট্রি এখনও পর্যন্ত সম্পন্ন হয়নি। শাখাতে এই রেজিস্ট্রেশনের এন্ট্রি না থাকার কারণে প্রতিদিন আবেদনের মাধ্যমে নতুন করে রেজিস্ট্রেশনের অনুমোদন নেয়া হচ্ছে। এই নতুন করে রেজিস্ট্রেশন অনুমোদন নেয়ার ফলে আমাদের সফটওয়্যারের কাজ হালনাগাদ করণে প্রচুর বাঁধা ও বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এই বাঁধার কারণে আমরা PKSf ও MRA অথরিটিদেরকে যথাসময়ে রিপোর্ট প্রদান করতে পারছি না। এর ফলে আমাদের রিপোর্টিং এর গ্রহণযোগ্যতা দিন-দিন সকলের নিকট প্রশ্নবিদ্ধ হচ্ছে। অতএব এই অসম্পন্ন রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আবেদন কেন্দ্রীয় অফিসে হিসাববিভাগে ২৫/০৫/২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য বলা হলো। এই উল্লেখিত তারিখের পরে কোন ধরণের সঞ্চয়ের অসম্পন্ন রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আবেদন গ্রহণ করা হবে না।

উল্লেখ্য যে, এরপরেও যদি কোন শাখার সঞ্চয়ের রেজিস্ট্রেশন অসম্পন্ন থাকে তাহলে সেই অসম্পন্ন সঞ্চয়কে আর কোন অবস্থাতেই MIS-Branch wise PKSf Reports এর আওতায় MIS-01 এ Statement of Savings এ প্রদর্শিত করা যাবে না। যা পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে অনুমোদন সাপেক্ষে যা হিসাবের কোড নং ০২-০৬৫-০০১ Miscellaneous & Others Deposit from General Fund (Others) হতে ডেবিট বা ক্যাশ বা ব্যাংক পেমেন্ট করা হবে (যা দায় হতে কমবে)। আর এর লভ্যাংশ হিসাবের কোড ০৪-০২১-০৭৭ Interest on Members Savings-Others হতে ডেবিট বা ক্যাশ বা ব্যাংক পেমেন্ট করা হবে যা হিসাবের খরচের আওতায় অন্তর্ভুক্ত হবে।

আইটি বিষয়ের জন্য জনাব মোঃ আফছার আলী, উপ-পরিচালক (আইটি) মোবাইল নং-০১৬২৫-১৬৮৭৭৭ এবং হিসাব ও সফটওয়্যার বিষয়ের জন্য মিলন কুমার রায়, উপ-পরিচালক (এফএসডি) মোবাইল নং-০১৭০৫-৪৩৪১০৩ যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

ধন্যবাদ-



শক্তিপদ চক্রবর্তী

প্রধান নির্বাহী (ভারপ্রাপ্ত)

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপি:

০১. সিনিয়র পরিচালক- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য;
০২. সকল পরিচালক-এমসিএসএস- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য;
০৩. সকল কেন্দ্রীয় ব্যবস্থাপক-প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য;
০৪. সকল শাখা/এলাকা ব্যবস্থাপক-প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য;
০৫. অফিস কপি।

HEAD OFFICE: PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.

Liaison Office: BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.

E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6